গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং- ৩(২)শুল্কঃ রপ্তানি ও বন্ড/৯৭/১০৭(১) তারিখ ঃ ০৯.০৩.২০০৬ইং

**বিষয় ঃ** **১০০% রপ্তানীমূখী পোষাক শিল্প প্রতিষ্ঠানের বন্ড মেয়াদোত্তীণ কাঁচামাল দ্বারা তৈরী পোষাক রপ্তানী প্রসঙ্গে।**

সূত্র ঃ (১) জাতীয় রাজস্ব বোডের পত্র নং-২(১)শুল্কঃ রপ্তানী ও বন্ড/৯৭/২০৫১-৬১, তাং-০২.১১.১৯৯৮ইং।
(২) জাতীয় রাজস্ব বোডের পত্র নং-২(১)শুল্কঃ রপ্তানী ও বন্ড/৯৭/৩৮১ (১-১৬), তাং-২৪.১১.২০০৫ইং।
(৩) কাস্টমস্ বন্ড কমিশনারেটের পত্র নং-৫(১৩)০১/গাঃ অডিট/বন্ড/০৩/অংশ-১/২০০৫/ ২৩৮১১, তাং-২৯.১২.০৫ইং।

জাতীয় রাজস্ব বোর্ডের সূত্র-১ এ বর্ণিত আদেশ দ্বারা বন্ড লাইসেন্সধারী পোষাক শিল্প প্রতিষ্ঠানের বন্ড মেয়াদোত্তীর্ন কাঁচামাল দ্বারা উৎপাদিত পোষাক সময়সীমা নির্বিশেষে রপ্তানীর সুযোগ দেয়া হয়। ইতোমধ্যে গত ১০.০৬.২০০৪ইং তারিখে কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ৯৮ ধারা সংশোধন করে জাতীয় রাজস্ব বোর্ডের বন্ড মেয়াদ বৃদ্ধির ক্ষমতা ০৩(তিন) মাসে সীমিত করা হয়। এর ফলে সূত্র-১ এর আদেশটি আইনের সংগে অসামঞ্জস্যপূর্ণ হয়ে পড়ে। এ কারণে সূত্র-২ এর আদেশ দ্বারা গত ২৪.১১.০৫ তারিখে সূত্র-১ এর আদেশটি বাতিল করা হয়। কিন্তু ১০.০৬.২০০৪ তারিখ হতে ২৪.১১.০৫ পর্যন্ত সময়ে সূত্র-১ এর আদেশের আওতায় রপ্তানীকৃত পণ্যের কাঁচামালের অনুমোদনযোগ্য বন্ড মেয়াদ নিয়ে সংশয় উদ্ভূত হয়েছে।

০২। উপরিউক্ত বিশেষ পরিস্থিতি নিরসনকল্পে ১০.০৬.০৪ইং হতে ২৪.১১.০৫ তারিখের মধ্যে রপ্তানীকৃত পোষাকে ব্যবহৃত বন্ড মেয়াদোত্তীণ কাঁচামালের বন্ড মেয়া প্রতিটি ক্ষেত্রে রপ্তানীর তারিখ অবধি নিম্নবণিত শর্তে বৃদ্ধি করা হলো ঃ

**শর্ত**

বন্ড মেয়াদোত্তীণ কাঁচামাল দ্বারা উৎপাদিত পোষাক এর উপরিউক্ত সময়ের মধ্যে রপ্তানী নিশ্চিত হওয়া সাপেক্ষে এই আদেশে বর্ণিত বন্ড মেয়াদ বৃদ্ধির সুবিধা প্রযোজ্য হবে।

০৩। দি কাস্টমস্ এ্যাক্ট, ১৯৬৯ এর ৯৮ ধারার প্রোভাইসো অনুযায়ী সরকারের অনুমোদনক্রমে এই আদেশ জারী করা হলো।

**[ সৈয়দ মুসফিকুর রহমান ]**
দ্বিতীয় সচিব (শুল্কঃ রপ্তানী ও বন্ড)

প্রাপক ঃ কমিশনার
কাস্টমস্ বন্ড কমিশনারেট
৩৪২/১, সেগুনবাগিচা, ঢাকা।